



প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষার সময়সূচী

প্রকাশিত: ২৩ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ চলতি বছর পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচী প্রকাশ করা হয়েছে। বৃহস্পতিবার সময়সূচী প্রকাশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (<https://mopme.gov.bd>) সময়সূচী পাওয়া যাচ্ছে।

পূর্ব ঘোষণা অসুসারেই আগামী ১৭ নবেম্বর শুরু হয়ে পরীক্ষা শেষ হবে ২৪ নবেম্বর। প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট অতিরিক্ত সময় দেয়া হবে।

প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু হয় ২০০৯ সালে এবং ইবতেদায়িতে এই পরীক্ষা শুরু হয় ২০১০ সালে। প্রথম দুই বছর বিভাগভিত্তিক ফল দেয়া হলেও ২০১১ সাল থেকে গ্রেডিং পদ্ধতিতে ফল প্রকাশ করে দেয়া হচ্ছে। ২০১৩ সাল থেকে এই পরীক্ষার সময় আধ ঘণ্টা বাড়িয়ে আড়াই ঘণ্টা করা হয়। সমাপনী পরীক্ষার ফলের ভিত্তিতে শিক্ষার্থীদের বৃত্তি দিয়ে দেয়া হয়।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সময়সূচী ॥ প্রাথমিক সমাপনীতে ১৭ নবেম্বর ইংরেজী, ১৮ নবেম্বর বাংলা, ১৯ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২০ নবেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২১ নবেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৬ নবেম্বর গণিত বিষয়ের পরীক্ষা হবে।

ইবতেদায়ি সমাপনীর পরীক্ষার সময়সূচী ॥ ইবতেদায়ি সমাপনীতে ১৭ নবেম্বর ইংরেজী, ১৮ নবেম্বর বাংলা, ১৯ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২০ নবেম্বর আরবী, ২১ নবেম্বর কোরান মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্ এবং ২৪ নবেম্বর গণিত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রাথমিকে দফতরি নিয়োগ স্থগিত ॥ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আউটসোর্সিংয়ের মাধ্যমে দফতরি কাম প্রহরী নিয়োগ স্থগিত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে দফতরি নিয়োগের চলমান সকল প্রক্রিয়া বাতিল ঘোষণা করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে আদেশ জারি করেছে।

মন্ত্রণালয়ের সচিব আকরাম আল হোসেন স্বাক্ষরিত আদেশে বলা হয়েছে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দফতরি কাম প্রহরী পদে আউটসোর্সিংয়ের মাধ্যমে বিদ্যমান নীতিমালার আলোকে জনবল নিয়োগের কার্যক্রম পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো এবং

যদি কোন উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্য দফতরি কাম প্রহরী পদে নিয়োগ কার্যক্রম চলমান থাকে তা বাতিল করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলেও বলা হয়েছে আদেশে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকর্ষ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ষ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ষ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

